# খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩

## পোষ্ট গ্রাজুয়েট ছাত্র-ছাত্রীদের ফেলোশীপ/টিচিং এ্যাসিষ্ট্যান্টশীপ প্রদান সংক্রান্ত নীতিমালা

(২৬/০৬/২০১৫ তারিখে অনুষ্ঠিত সিএএসআর এর ৩৭ তম সভায় সুপারিশকৃত এবং ২৭/৬/২০১৫ তারিখে অনুষ্ঠিত সিন্ডিকেটের ৫০ তম সভায় অনুমোদিত )

পিএইচ.ডি. প্রোগ্রামের জন্য ফেলোশীপ এবং মাস্টার্স প্রোগ্রামের জন্য টিচিং এ্যাসিষ্ট্যান্টশীপ প্রথা প্রযোজ্য হবে। ফেলোশীপ/টিচিং এ্যাসিস্ট্যান্টশীপ পাওয়ার জন্য একজন পূর্ণকালীন পোষ্ট গ্রাজুয়েট ছাত্র-ছাত্রীকে নির্ধারিত আবেদন পত্র বিভাগীয় প্রধানের মাধ্যমে নিম্নরূপ নিয়মাবলী অনুযায়ী পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ) এর দপ্তরে জমা দিতে হবে।

**নিয়মাবলীঃ**

১। ফেলোশীপ/টিচিং এ্যাসিস্ট্যান্টশীপের জন্য নির্ধারিত আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রী বিভাগীয় প্রধানের নিকট জমা দিবে। বিভাগীয় প্রধান, বিভাগের জ্যেষ্ঠতম ০৪ (চার) জন শিক্ষকের সমন্বয়ে গঠিত কমিটির মাধ্যমে একাডেমিক ও আনুসাঙ্গিক বিষয়াদি বিবেচনা ও পরীক্ষা নিরীক্ষা করতঃ তাঁদের মতামত ও সুপারিশসহ আবেদন পত্র পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ) এর দপ্তরে প্রেরণ করবেন। বাজেট ও আনুষঙ্গিক বিষয়ের আলোকে উপযুক্ততা যাচাই ও পরীক্ষা নিরীক্ষা করে পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ) দরখাস্তসমূহ রেজিস্ট্রারের নিকট প্রেরণ করবেন। রেজিস্ট্রার ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে ফেলোশীপ ও টিচিং এ্যাসিষ্ট্যান্টশীপ প্রদান সম্বন্ধীয় অফিসাদেশ প্রচারের ব্যবস্থা করবেন। পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ) প্রতি অর্থ বছরে একবার ফেলোশীপ/টিচিং এ্যাসিষ্ট্যান্টশীপ প্রাপ্তদের বিষয়টি CASR - কে অবহিত করবেন।

২। অন্ততঃপক্ষে ১২ ক্রেডিট আওয়ার (থিসিস/প্রজেক্টসহ) রেজিস্ট্রেশন (তবে শুধুমাত্র Project এর ক্ষেত্রে ৯ ক্রেডিট) করলেই কেবলমাত্র কোন ছাত্র/ছাত্রীকে পূর্ণকালীন ছাত্র/ছাত্রী বলে গণ্য করা হবে।

৩। সকল অনুষদের এম.এসসি. ইঞ্জিনিয়ারিং/এম.এসসি. কোর্সের পূর্ণকালীন ছাত্র/ছাত্রীদেরকে সর্বোচ্চ ১৮ মাস টিচিং এ্যাসিষ্ট্যান্টশীপ পাওয়ার উপযুক্ত বলে গণ্য করা যেতে পারে এবং পিএইচ.ডি. প্রোগ্রামের পূর্ণকালীন ছাত্র/ছাত্রীদেরকে সর্বোচ্চ ৩৬ মাস ফেলোশীপ পাওয়ার উপযুক্ত বলে গণ্য করা যেতে পারে।

৪। নিম্নের শর্ত অনুযায়ী স্নাতকোত্তর ছাত্র/ছাত্রীদেরকে ১ম সেমিষ্টারের স্নাতক পর্যায়ের চূড়ান্ত ফলাফল/স্নাতকোত্তর পর্যায়ের কোন সেমিষ্টারের ফলাফলের ভিত্তিতে পরবর্তী সেমিষ্টারের (৬ মাসের) জন্য ফেলোশীপ/টিচিং এ্যাসিষ্ট্যান্টশীপ প্রদান করা হবে-যা কোনক্রমেই ৩ নং নিয়ম হতে বেশী হতে পারবে না।

৫। একজন ফেলোশীপ/টিচিং এ্যাসিষ্ট্যান্টশীপ আবেদনকারী ছাত্র/ছাত্রীকে ১ম সেমিস্টারের জন্য স্নাতকোত্তর কোর্সের ভর্তির কোয়ালিফাইং ডিগ্রীসহ G.P.A. ৩.০০ অর্জন করতে হবে। পরবর্তী সেমিস্টারসমূহের জন্য সর্বনিম্ন ১২ ক্রেডিট কোর্সে কমপক্ষে G.P.A ৩.০০ অর্জন করতে হবে এবং সেই সংগে যদি থিসিস/প্রজেক্ট এর কাজ চলতে থাকে তাতেও সন্তোষজনক অগ্রগতি থাকতে হবে।

৬। ফেলোশীপ/টিচিং এ্যাসিস্ট্যান্টশীপের জন্য ন্যূনতম যোগ্যতা থাকা সাপেক্ষে একজন ছাত্রের Fellowship/TA Ship তিন সেমিষ্টার পর্যন্ত অব্যাহত থাকবে। তবে, যে কোন সেমিষ্টারে ন্যূনতম যোগ্যতা অর্জনে ব্যর্থ হলে Fellowship/TA Ship বাতিল হবে এবং প্রদত্ত অর্থ (যদি থাকে) ফেরত দিতে হবে।

৭। পূর্ণকালীন কোন ছাত্র/ছাত্রী যে কোন কারনে প্রথম সেমিষ্টারে ফেলোশীপ/টিচিং এ্যাসিস্ট্যান্টশীপের জন্য বিবেচিত না হলে দ্বিতীয় বা পরবর্তী সেমিষ্টারে (শর্তপূরণ সাপেক্ষে) ফেলোশীপ/টিচিং এ্যাসিস্ট্যান্টশীপের জন্য বিবেচিত হবে।

৮। কোন পোষ্ট গ্রাজুয়েট ছাত্র/ছাত্রীর প্রয়োজনীয় কোর্স সন্তোষজনক ভাবে সম্পন্ন করার পর থিসিসের কাজ চলাকালীন ১২ ক্রেডিট আওয়ার রেজিস্ট্রেশন ছাড়াই তার ফেলোশীপ/টিচিং এ্যাসিষ্ট্যান্টশীপ মেয়াদ বৃদ্ধি করা যেতে পারে। তবে এই মেয়াদ ৩নং নিয়ম হতে কোন ক্রমেই বেশী হবে না।

৯। প্রতিমাসে টিচিং এ্যাসিষ্ট্যান্টশীপ/ফেলোশীপ এর টাকা উঠাবার বিলে Supervisor (যদি থাকে) এবং বিভাগীয় প্রধানের একটি সুপারিশ থাকতে হবে, যে উক্ত ছাত্র/ছাত্রী ঐ মাসে সন্তোষজনক কাজ করেছে।

১০। স্নাতকোত্তর শ্রেণীর ছাত্র/ছাত্রী ২নং ধারা অনুযায়ী পূর্ণকালীন পর্যায়ে বিবেচিত হলে এবং সেই সংগে যদি কোন সংস্থায় কর্মরত থাকে তবে উক্ত সংস্থা হতে পূর্ণ সময়ের জন্য স্নাতকোত্তর শ্রেণীতে শিক্ষা গ্রহণের বিষয়ে অনুমোদন থাকলে তিনি ফেলোশীপ/টিচিং এ্যাসিষ্ট্যান্টশীপ পাওয়ার যোগ্য বলে বিবেচিত হবেন। এ ছাড়া ফেলোশীপ/টিচিং এ্যাসিস্ট্যান্টশীপ প্রাপ্ত পূর্ণকালীন ছাত্র/ছাত্রী কোন প্রকারের পূর্ণকালীন চাকুরি করতে পারবে না। এই মর্মে শুধুমাত্র ফেলোশীপ প্রাপ্ত ছাত্র/ছাত্রীদেরকে নির্ধারিত ফরমে সংশ্লিষ্ট Supervisor (যদি থাকে) এবং বিভাগীয় প্রধানের মাধ্যমে একটি বন্ড প্রদান করতে হবে, যে কোন কারণে পিএইচ.ডি কোর্স অসমাপ্ত রেখে চলে যাওয়ার পূর্বেই ফেলোশীপের সমুদয় অর্থ এককালীন/কিস্তিতে বিশ্ববিদ্যালয়ের তহবিলে ফেরত দিবেন।

১১। সেমিষ্টার এর শুরু হতে ফেলোশীপ/টিচিং এ্যাসিস্ট্যান্টশীপ প্রদানের সুবিধার্থে ভর্তি প্রক্রিয়া ১ মাস আগে সম্পন্ন করতে হবে। ফেলোশীপ/টিচিং এ্যাসিষ্ট্যান্টশীপ প্রাপ্ত ছাত্র/ছাত্রীদের প্রত্যেককে সপ্তাহে কমপক্ষে ৬ (ছয়) ঘন্টা টিচিং লোড নিতে হবে।

চলমান পাতা নং-২

১২। (ক) **টিচিং এ্যাসিস্ট্যান্টশীপঃ**
এম.এসসি. ইঞ্জিঃ/ এম.এসসি. প্রোগ্রামের ছাত্র/ছাত্রী মাসিক ৳ঃ ৬০০০/- (ছয় হাজার) হারে যথাক্রমে সর্বোচ্চ ১৮ (আঠার) মাস টিচিং এ্যাসিস্ট্যান্টশীপ পাবেন। ৮নং নিয়মটি এই ক্ষেত্রে কার্যকরী হবে। টিচিং এ্যাসিস্ট্যান্টশীপের অংশ থেকে মাসিক ৳ঃ ৫০০/- (পাঁচ শত) হারে অপরিশোধিত থাকবে।

(খ) **পিএইচ.ডি. ফেলোশীপঃ**
পিএইচ.ডি. প্রোগ্রামের পূর্ণকালীন ছাত্র/ছাত্রী মাসিক ৳ঃ ৮০০০/- (আট হাজার) হারে সর্বোচ্চ ৩৬ (ছত্রিশ) মাস ফেলোশীপ পাবেন এবং ৭নং নিয়মটি এই ক্ষেত্রেও কার্যকরী হবে। ফেলোশীপের অংশ থেকে মাসিক ৫০০/- (পাঁচ শত) হারে অপরিশোধিত থাকবে।

(গ) ধারাবাহিকভাবে এম.এসসি. ইঞ্জিঃ ও পিএইচ.ডি. ডিগ্রী অর্জন করলে [M.Sc. Eng./M.Sc. এর জন্য ৪ (চার) সেমিষ্টার এবং Ph.D এর জন্য ৮ (আট) সেমিষ্টার] ফেলোশীপ/টিচিং এ্যাসিস্ট্যান্টশীপের অপরিশোধিত অর্থ পরিশোধ করা হবে।

## ফেলোশীপ/টিচিং এ্যাসিষ্ট্যান্টশীপ বিভাজনের নিয়ম

১। বিশ্ববিদ্যালয়ের প্রয়োজনীয় অর্থের সংস্থান থাকা সাপেক্ষে প্রতি অর্থ বছরে বিভাগ প্রতি কয়টি ফেলোশীপ/টিচিং এ্যাসিস্ট্যান্টশীপ প্রদান করা যাবে তা নির্ধারণের জন্য সকল অনুষদের ডীন ও পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ) সমন্বয়ে "ফেলোশীপ/টিচিং এ্যাসিস্ট্যান্টশীপ বন্টন কমিটি" নামে একটি কমিটি থাকবে। জ্যেষ্ঠতম ডীন উক্ত কমিটিতে সভাপতিত্ব করবেন এবং পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ) উক্ত কমিটিতে সদস্য-সচিব হবেন।

২। ফেলোশীপ/টিচিং এ্যাসিস্ট্যান্টশীপের চূড়ান্ত সংখ্যা CASR এর সভায় নির্ধারিত হবে।

## ফেলোশীপ/টিচিং এ্যাসিষ্ট্যান্টশীপ নিয়োগের শর্তাবলীঃ

১। ফেলোশীপ/টিচিং এ্যাসিষ্ট্যান্টশীপ প্রাপ্তদেরকে নিয়োগ পত্র ইস্যুর ১৫ দিনের মধ্যে সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের মাধ্যমে কাজে যোগদান করতে হবে। উক্ত সময়ের মধ্যে যোগদান করতে ব্যর্থ হলে নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

২। যোগদানের সময় তাদের এই মর্মে নির্ধারিত ফরমে বন্ড দাখিল করতে হবে যে, তারা বর্তমানে অন্য কোন চাকুরী করছেন না এবং ফেলোশীপ/টিচিং এ্যাসিষ্ট্যান্টশীপ হিসাবে কাজ করাকালীন সময়ে কোন চাকুরী গ্রহণ করবেন না। তবে বিভাগীয় প্রার্থীর (ডেপুটেশন/শিক্ষা ছুটি/চাকুরিরত বিভাগীয় প্রার্থী) ক্ষেত্রে ইহা প্রযোজ্য হবে না।

৩। প্রতিটি কর্মদিবসে তাদের নিজ নিজ বিভাগে উপস্থিত থাকতে হবে। ফেলোশীপ/টিচিং এ্যাসিষ্ট্যান্টশীপ প্রাপ্তদেরকে বিভাগীয় প্রধান এবং Supervisor (যদি থাকে) এর নির্দেশ/পরামর্শ অনুযায়ী কাজ করতে হবে।

৪। সুপারভাইজার ও বিভাগীয় প্রধানের সুপারিশসহ প্রত্যেক ফেলোশীপ/টিচিং এ্যাসিষ্ট্যান্টশীপ প্রাপ্তকে প্রতি মাসের তৃতীয় সপ্তাহে পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ) অফিসের মাধ্যমে কম্পট্রোলার অফিসে ফেলোশীপ/টিচিং এ্যাসিষ্ট্যান্টশীপ বিল দাখিল করতে হবে।